

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৯৬৫(আগরতলা-০৮।১০)
তেলিয়ামুড়া, ৮ অক্টোবর, ২০১৯

তেলিয়ামুড়ায় দুর্গাপূজা পরিদর্শনে মুখ্যমন্ত্রী

মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব গতকাল দুর্গাপূজার নবমী দিন তেলিয়ামুড়ায় পূজা পরিদর্শনে আসেন। পরিদর্শনের সময় মুখ্যমন্ত্রীর সাথে ছিলেন সহধর্মিণী নিতি দেব। মুখ্যমন্ত্রী প্রথমে করইলং-এ শিশুবিহার চৌমুহনিস্থিত বকুলরাণী সাহার বাড়িতে পূজো মন্ডপ পরিদর্শন করেন। এরপর মুখ্যমন্ত্রী করইলং প্রোগ্রেসিভ ইয়ুথ ক্লাব, তেলিয়ামুড়ার নেতাজীনগরের নেতাজী স্মৃতি সংঘ, শান্তিনগর সার্বজনীন দুর্গাপূজা, রাজদূত ক্লাব ও গৌরাঙ্গটিলাস্থিত বুলেট ক্লাবের পূজো মন্ডপ পরিদর্শন করেন। পূজো মন্ডপগুলি পরিদর্শনের সময় মুখ্যমন্ত্রী সবাইকে শারদোৎসবের প্রীতি ও শুভেচ্ছা জানান। তেলিয়ামুড়ায় দুর্গাপূজার মন্ডপগুলি পরিদর্শনের সময় মুখ্যমন্ত্রীর সাথে ছিলেন বিধানসভার সরকারি মুখ্যসচিব বিধায়ক কল্যাণী রায়, বিধায়ক পিনাকী দাস চৌধুরী, তেলিয়ামুড়া পুরপরিষদের চেয়ারপার্সন নীতিন সাহা প্রমুখ।

নেতাজীনগর নেতাজী স্মৃতি সংঘে পূজো মন্ডপ পরিদর্শনের সময় মুখ্যমন্ত্রী বলেন, সরকার ভিশন ডকুমেন্ট ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা নিয়ে রাজ্যের উন্নয়নে কাজ করছে। খুব শীঘ্রই সার্বুমে ইকোনমিক জোন গড়ে তোলার কাজ শুরু হবে। এতে স্বরোজগারের সুযোগ সৃষ্টি হবে। রাজ্যের সার্বিক বিকাশে সরকার স্বরোজগারের উপরই সর্বাধিক গুরুত্ব দিয়েছে। তিনি পূজোর দিনগুলি যাতে শান্তিপূর্ণভাবে কাটে তারজন্য সকলের কাছে আবেদন জানান।
